

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

জাতীয় রাজস্ব বোর্ড

রাজস্ব ভবন

সেগুনবাগিচা, ঢাকা।

নথি নং- ০৮.০১.০০০০.৫৩.০১.০০২.২০/ ৭৪ (৩৬)

তারিখঃ ২৭ ফেব্রুয়ারি, ২০২০ খ্রিস্টাব্দ।

বিষয়ঃ আসন্ন ২০২০-২০২১ অর্থবছরের বাজেটে বিবেচনার লক্ষ্যে প্রস্তাব আহবান।

উপর্যুক্ত বিষয়ের প্রতি সদয় দৃষ্টি আকর্ষণপূর্বক আদিষ্ট হয়ে জানানো যাচ্ছে যে, প্রতি অর্থবছরের বাজেটে কাস্টমস অনুবিভাগ থেকে আমদানি পর্যায়ে শুল্ককর হার যৌক্তিকীকরণ, বাণিজ্য উদারীকরণ এবং পদ্ধতিগত জটিলতা নিরসনের জন্য বিভিন্ন ব্যবস্থা নেয়া হয়ে থাকে। এছাড়া, WTO এর Trade Facilitation Agreement (TFA) বাস্তবায়নের বাধ্যবাধকতার জন্যও আগামী অর্থবছরের বাজেট বিশেষভাবে গুরুত্বপূর্ণ। এসব নিরিখে এ সকল ব্যবস্থা নেয়ার জন্য জাতীয় রাজস্ব বোর্ডের পক্ষ থেকে বিভিন্ন ব্যবসায়ী সমিতি/এসোসিয়েশন, সরকারি/বেসরকারি প্রতিষ্ঠান/সংস্থার মতামত ও পরামর্শ গ্রহণ করা হয়ে থাকে। কাস্টমস বিভাগ বাজেট প্রস্তাব প্রণয়নকালে মাঠ পর্যায়ের বিভিন্ন দপ্তর থেকে প্রাপ্ত সুচিন্তিত মতামত ও পরামর্শকে বিশেষ গুরুত্ব দিয়ে বিবেচনা করে থাকে। কেননা, এই সকল প্রস্তাব কর্মকালীন বাস্তব অভিজ্ঞতার আলোকে প্রণীত হয়ে থাকে।

২। একই ধারাবাহিকতায় আগামী ২০২০-২০২১ অর্থবছরের বাজেট প্রণয়নের উদ্দেশ্যে আমদানি পর্যায়ে প্রযোজ্য শুল্ক-কর বিষয়ক আইন, বিধিমালা, আদেশ, ব্যাখ্যাপত্র প্রভৃতি সংস্কার/পরিবর্তন বিষয়ে সুনির্দিষ্ট এবং বস্তুনিষ্ঠ প্রস্তাব ছক অনুযায়ী আগামী ১৫ মার্চ, ২০২০ খ্রিঃ তারিখের মধ্যে নিম্নস্বাক্ষরকারী বরাবরে পাঠানোর জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো। প্রস্তাব প্রেরণের পূর্বে সংশ্লিষ্ট Stakeholder দের সাথেও আলোচনা করে নেয়া যেতে পারে।

৩। এছাড়া, প্রস্তাব প্রেরণের সময়ে অন্যান্য বিষয়ের সাথে নিম্নবর্ণিত বিষয়সমূহ বিবেচনায় নেয়া যেতে পারে-

- (ক) কাস্টমস ডিউটি, সম্পূরক শুল্ক, মূল্য সংযোজন কর, রেগুলেটরি ডিউটি, সুনির্দিষ্ট আমদানি শুল্ক ইত্যাদি আরোপের ক্ষেত্রে সমজাতীয় পণ্যের মধ্যে কোন বৈষম্যমূলক নীতি যা প্রায়োগিক ক্ষেত্রে শুল্ক ফাঁকির সুযোগ সৃষ্টি করে এরূপ ক্ষেত্রে পুনর্বিন্যাস করার প্রয়োজন আছে কিনা;
- (খ) কাস্টম হাউস এর assessment committee এর সভায় গৃহীত বিভিন্ন সিদ্ধান্ত যা জাতীয় পর্যায়ে বাস্তবায়ন প্রয়োজন ;
- (গ) যাত্রী সুবিধা বৃদ্ধির জন্য গৃহীতব্য ব্যবস্থা ;
- (ঘ) বিশ্বায়নের চ্যালেঞ্জ মোকাবেলায় শুল্ক কর্তৃপক্ষের capacity building এর বিষয়ে গৃহীতব্য ব্যবস্থা;
- (ঙ) কোন বিষয়ে নতুন বিধিমালা/আদেশ জারির প্রয়োজনীয়তা রয়েছে কিনা ;
- (চ) বন্ড ব্যবস্থাপনা বিষয়ে এ সুবিধার অপব্যবহার রোধে করণীয় ;
- (ছ) নতুন কোন পণ্যের উপর ট্যারিফ মূল্য/ন্যূনতম মূল্য নির্ধারণ বা ট্যারিফ মূল্য/ন্যূনতম মূল্য থাকলে সংশোধন/পরিবর্তনের প্রয়োজন আছে কিনা অথবা নতুন কোন পণ্যের জন্য ট্যারিফ মূল্য/ন্যূনতম মূল্য নির্ধারণের প্রয়োজন আছে কিনা;
- (জ) সংশ্লিষ্ট দপ্তরের প্রিভেন্টিভ কার্যক্রমের ভিত্তিতে অর্জিত অভিজ্ঞতার আলোকে বিভিন্ন অনিয়ম প্রতিরোধে বিশেষ কোন নীতি গ্রহণ বা আদেশ জারির প্রয়োজন থাকলে তার উপর সুনির্দিষ্ট সুপারিশ;
- (ঝ) মূলধনী যন্ত্রপাতি সংক্রান্ত রেয়াতি প্রজ্ঞাপনে প্রযোজ্য শর্তাবলী পরিবর্তন এবং কোন H.S. Code কে প্রজ্ঞাপনের সুবিধা প্রদান/প্রত্যাহারের প্রয়োজন আছে কিনা;
- (ঞ) অন্যান্য শিল্পের ক্ষেত্রে প্রযোজ্য রেয়াতি সুবিধা যৌক্তিকীকরণ করার প্রয়োজন আছে কিনা;
- (ট) কোন পণ্যের জন্য পৃথক H.S. Code সৃষ্টি করা, বর্ণনা (description) সংশোধন/পরিবর্তন, H.S. Code বাতিল, H.S. Code এর বিপরীতে Statistical Unit পরিবর্তন প্রয়োজন আছে কিনা কিংবা কোন H.S. Code কে Split/merge করা কিংবা যৌক্তিকীকরণের প্রয়োজন আছে কিনা;
- (ঠ) যে সকল প্রজ্ঞাপনের প্রয়োজন নেই বা সংশোধন প্রয়োজন এবং নতুন কোন বিষয়ে প্রজ্ঞাপন জারির প্রয়োজনীয়তা আছে কিনা।

৪। এমতাবস্থায়, নিম্নবর্ণিত ‘ছক’ মোতাবেক আপনার দপ্তরের প্রস্তাবসমূহের হার্ড কপির সাথে সিডি-তে Nikosh ফন্টে-Soft copy প্রেরণের জন্য অনুরোধ করা হলো। পাশাপাশি একটি Soft copy নিম্নস্বাক্ষরকারীর ই-মেইল Address-এ প্রেরণ করারও অনুরোধ করা হলো।

“ছক”

২০২০-২০২১ অর্থবছরের বাজেট প্রস্তাব

দপ্তরের নাম-----

(ক) এইচ.এস.কোড ভিত্তিক শুল্ক-কর যৌক্তিকীকরণ বিষয়ক প্রস্তাবঃ

ক্রমিক নং	প্রস্তাব				প্রস্তাবের পক্ষে যুক্তি	মমত্বাব্য
	বিবেচ্য পণ্যের এইচ.এস কোড	পণ্যের নাম ও বিবরণ	বিদ্যমান শুল্ক হার (%)	প্রস্তাবিত শুল্ক হার (%)		
(১)	(২)	(৩)	(৪)	(৫)	(৬)	(৭)
			CD- RD- SD- VAT- AIT- ATV- TTI-	CD- RD- SD- VAT- AIT- ATV- TTI-		

(খ) আইন ও বিধি সংশ্লিষ্ট প্রস্তাবঃ

ক্রমিক নং	প্রস্তাব		প্রস্তাবের পক্ষে যুক্তি	মমত্বাব্য
	বিদ্যমান ধারা ও বিধান	প্রস্তাবিত সংশোধন		
(১)	(২)	(৩)	(৪)	(৫)

(গ) ট্যারিফ মূল্য/ন্যূনতম শুল্ক মূল্য নির্ধারণ বা যৌক্তিকীকরণ বিষয়ক প্রস্তাবঃ

ক্রমিক নং	প্রস্তাব				প্রস্তাবের পক্ষে যুক্তি	মমত্বাব্য
	পণ্যের এইচ.এস কোড	পণ্যের নাম ও বিবরণ	বিদ্যমান	প্রস্তাবিত		
(১)	(২)	(৩)	(৪)	(৫)	(৬)	(৭)

৫। উল্লেখ্য, তাঁর দপ্তরের সুচিন্তিত মতামত এবং পরামর্শ একটি সুষ্ঠু, নির্ভুল বাজেট প্রণয়নে সহায়তা করবে। মাঠপর্যায়ের দপ্তরসমূহের এরূপ গুরুত্বপূর্ণ input এবং feedback এর জন্য কাস্টমস বিভাগ মাঠ পর্যায়ের দপ্তরগুলোর কাছে আন্তরিকভাবে ধন্যবাদ ও কৃতজ্ঞতা প্রকাশ করছে।

মোহাম্মদ মেহরাজ-উল-আলম সম্রাট

দ্বিতীয় সচিব (কাস্টমস নীতি)

ই-মেইল: sscuspolicy@gmail.com

প্রাপকঃ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১। প্রেসিডেন্ট, আপীলাত ট্রাইব্যুনাল (কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট), জীবন বীমা টাওয়ার, ১০ দিলকুশা বা/এ, ঢাকা।
- ২। মহাপরিচালক, সেন্ট্রাল ইন্টেলিজেন্স সেল (সিআইসি), ঢাকা।
- ৩-৮। কমিশনার অব কাস্টমস, কাস্টম হাউস, ঢাকা/চট্টগ্রাম/মোংলা/বেনাপোল/আইসিডি, কমলাপুর/পানপাঁও।
- ৯-১৯। কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট কমিশনারেট, ঢাকা (দক্ষিণ)/ঢাকা (উত্তর)/ঢাকা (পূর্ব)/ঢাকা(পশ্চিম)/চট্টগ্রাম/রাজশাহী/যশোর/খুলনা/সিলেট/রংপুর/কুমিল্লা।
- ২০-২৩। কমিশনার, কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট (আপীল) কমিশনারেট-১, ঢাকা/(আপীল) কমিশনারেট-২, ঢাকা/চট্টগ্রাম/খুলনা।

২৬। কমিশনার, শুল্ক মূল্যায়ন ও অভ্যন্তরীণ নিরীক্ষা কমিশনারেট, ঢাকা।

২৭-৩০। মহাপরিচালক, শুল্ক গোয়েন্দা ও তদন্ত অধিদপ্তর, ঢাকা/শুল্ক রেয়াত ও প্রত্যর্পণ পরিদপ্তর, ঢাকা (ডেডো)/ কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট ট্রেনিং একাডেমি, চট্টগ্রাম/মুসক নিরীক্ষা গোয়েন্দা ও তদন্ত অধিদপ্তর, ঢাকা।

অনুলিপি সদয় অবগতি ও কার্যার্থেঃ

১। সদস্য (কাস্টমস নীতি ও আইসিটি)/(কাস্টমস রপ্তানি ও বন্দ)/(কাস্টমস নিরীক্ষা, আধুনিকায়ন ও আন্তর্জাতিক বাণিজ্য)/(মুসক নীতি)/(মুসক বাস্তবায়ন ও আইটি)/(মুসক গোয়েন্দা ও নিরীক্ষা), জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা।

✓ ২। সিস্টেম ম্যানেজার, জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা (তাকে সংশ্লিষ্ট সকলের ই-মেইলে পাঠানোর প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ)।

৩। প্রথম সচিব, কাস্টমস অনুবিভাগ (সকল), জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা।

৪। প্রথম সচিব, মুসক অনুবিভাগ (সকল), জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা।

৫। দ্বিতীয় সচিব, কাস্টমস অনুবিভাগ (সকল), জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা।

৬। দ্বিতীয় সচিব, মুসক অনুবিভাগ (সকল), জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা।


০৪/০৬/২০২০
মোহাম্মদ মেহরাজ-উল-আলম সন্ধ্যাট
দ্বিতীয় সচিব (কাস্টমস নীতি)

ই-মেইল: sscuspolicy@gmail.com